22

দৈনিক সংবাদ

তারিখ 2 1 JUN 1996
পৃষ্ঠা 2 কলাম ৫

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে আবর্তক মঞ্জুরি বন্ধ করায় উদ্বেগ

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে আবর্তক মঞ্জুরি প্রদান বন্ধ করায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং আগের ন্যায় তা প্রাপ্তি নিশ্চিত করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছে।

ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজি ফারুক আহমেদ, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম ও যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক এবং শিক্ষক সমিতির সহ-সভাপতি মোঃ শহীদুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া এ বিবৃতিতে এই দাবি জানান।